

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৬০.২১-২১৩০৪

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২১-২০২২ অর্থবছরে স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো :-

প্রতিষ্ঠানের ধরন	আবেদন জমার স্থান	আবেদন ফি ও ফরম নং
ক) জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে স্বীকৃতিপ্রাপ্ত)	নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ২২৪/১ নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০	৫০০/- (পাঁচশত) টাকা (ফরম-‘ক’)
খ) রোগীকল্যাণ সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-‘খ’)
গ) শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ (ইউসিডি)	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-‘খ’)
ঘ) অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-‘খ’)
ঙ) নিবন্ধিত সাধারণ স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-‘গ’)

২। আবেদন করার যোগ্যতা :


স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণ কাজে অবদান রাখছে এমন স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠান।

৩। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন;
- হালনাগাদ কার্যকরী কমিটির তালিকা;
- কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত বিগত ৩(তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব বিবরণী;
- নিবন্ধন সনদের কপি এবং বিগত বছরের নিরীক্ষা প্রতিবেদন;
- অনলাইন ব্যাংক হিসাবের নাম, নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নম্বর সম্বলিত ব্যাংক সনদ।

৪। আবেদন জমাদানের শেষ তারিখ : ৩১ অক্টোবর, ২০২১ খ্রি.

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েব সাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৮-০৮-২০২১
মোহাম্মদ জামিস উদ্দিন
নির্বাহী সচিব(যুগ্মসচিব)
ফোন: ০২২২২২২৮১২৫
e-mail : bnswcbd@gmail.com